Society of inquiry on Missions
SCB #1665

BENGALEE. No. 9.

# A DIALOGUE

BETWEEN

LIBRARY OF PRINCETON
MAR 1 1913
THEOLOGICAL SEMINARY

# RAMHUREE AND SHADHOO;

IN WHICH

THE CHANGE WROUGHT BY THE SPIRIT OF GOD IN A CONVERT FROM HEATHENISM TO CHRISTIANITY IS POINTED OUT.

FOURTH *EDITION.*

*CALCUTTA:*

PRINTED FOR THE BENGAL AUXILIARY MISSIONARY SOCIETY,
*At the School-Press, Dhurumtula.*

AND MAY BE HAD GRATIS FOR DISTRIBUTION AMONG THE NATIVES, BY APPLYING TO ANY OF THE MISSIONARIES.

1821.

A DIALOGUE

BETWEEN

# RAMHUREE AND SHADHOO.

# রামহরি আর এক ব্যক্তি সাধু.

এই উভয়ের কথোপকথন.

LIBRARY OF PRINCETON
MAR 1 1913
THEOLOGICAL SEMINARY

রামহরি. ও হে ভাই! আমি শুনিয়াছি, যে তুমি হিন্দুর ধর্ম্ম ত্যাগ করিয়া বাইবেলের মতাবলম্বী হইয়া খ্রীষ্টিয়ান হইয়াছ.

সাধু. হাঁ ভাই, তাহা সত্য বটে, আমার বড় বাঞ্ছা এই ছিল; যে আমি প্রকৃত খ্রীষ্টিয়ান হই. কিন্তু এই ক্ষণে ধর্ম্মাত্মা কর্তৃক আমার অন্তঃকরণ যে রূপ পরিবর্ত্ত হইয়াছে; ইহাতে বোধ হয়, যে ঐ কমনা এতদিনে পূর্ণ হইল.

রামহরি. আমি বুঝি, যে তুমি ধনলুব্ধ হইয়া খ্রীষ্টিয়ান হইয়াছ.

সাধু. না ভাই, সে কারণ নহে, কিন্তু খ্রীষ্টিয়ানের মতই সত্য, এই নিশ্চয় বুঝিয়া তবে তাহা গ্রহণ করিয়াছি. আমি এই জানি, যে সাকারসেবী হইয়া যদি লক্ষ২ টাকা লাভ হয়, সেও কিছু নহে; তাহা-হইতে সত্য খ্রীষ্টিয়ান হইয়া যদি মুষ্টি ভিক্ষার দ্বারা প্রান ধারণ করিতে হয়, বরং সেও ভাল. কারণ যদবধি ধর্ম্মাত্মা কর্তৃক আমার অন্তঃকরণ পরিবর্ত্ত হইয়াছে, তদবধি আমার মনোমধ্যে এমন সুখ ও জ্ঞানের উৎপত্তি হইয়াছে; যে ইহার পূর্ব্বে তাহা আমি কখনো জানিতাম না..

রামহরি. ও হে , তুমি যে পরিবর্ত্ত বিষয়ক কহিতেছ, সেতো এই, যে ই•লণ্ডীয় লোকেরদের সহিত তাহারদের খাদ্য খাওন, এব• তাহারদের ন্যায় পরিচ্ছেদ করণ.

সাধু. নানা ভাই, সে সকলই মিথ্যা জানিবা; আমি এমত ব্যবহার কখনো করি নাই, কারণ এ সমস্ত কিছু খ্রীষ্টিয়ানের চিহ্ন নহে, এব• খ্রীষ্টিয়ানের যে২ চিহ্ন, তাহা যে জনেতে থাকে, সে জন এমত ব্যবহার করুক বা না করুক, কিন্তু সত্য খ্রীষ্টিয়ান হইতে পারে.

রামহরি. তবে আমি বুঝি, যে ঐ মত ব্যবহারের কিছুই আবশ্যক নাই.

সাধু. না ভাই, কখনো না, কেননা ঈশ্বরের মতেতে ভোজন ও পান বিষয়ক কিছু আজ্ঞা নাই, ইহাতে সত্য খ্রীষ্টিয়ান স্বদেশীয় উৎপন্ন দ্রব্য যাহা সে বাল্যা-বস্থাবধি আহার করিয়া থাকে, তাহা গ্রহণ করুক কিম্বা অন্যপ্রকার গ্রহণ করুক করিতে পারে; কিন্তু কোনো দেবতার প্রসাদ ভক্ষণ করিবেক না, কারণ ইহা ধর্ম্ম শাস্ত্রে নিষিদ্ধ আছে. এব• তাহাতে ইহাও লিখিত আছে, যে সৎক্রিয়া ও প্রণয় ধর্ম্মাত্মাতে আনন্দ, এই সমস্ত ঈশ্বরের মত; এই সকলের প্রকৃতার্থ বলি শুন, সৎকর্ম্মের অর্থ এই, যে ঈশ্বরের সাক্ষাৎ খ্রীষ্টের মৃত্যুর ফলের দ্বারা যাথার্থিকী, এব• ধর্ম্মাত্মা করণক পবিত্রীকৃত হওয়া; প্রণয়ের অর্থ এই, যে মনুষ্যগণ সত্য খ্রীষ্টিয়ান হইয়া পরস্পর বিবাদ ও অপ্রণয় করিবেক না, কিন্তু আত্মবৎ সকলকে সমভাবে প্রেম করিবেক;

এবং সত্য খ্রীষ্টিয়ানের ঈশ্বরের সহিত যে মিলন হয়, ও পাপের বিমোচন হয়, এই বোধ করণক, এবং ধর্ম্মাত্মার আন্তরিক প্রমাণের দ্বারা তাহার স্বর্গপ্রাপ্তি হইবার যে ভরসা থাকে, তৎকরণক যে পারমার্থিক আহ্লাদ তাহার অন্তঃকরণে জন্মে, তাহাকেই ধর্ম্মাত্মাতে আনন্দ বলা যায়.

রামহরি. ভাল ভাই, ইহাতো আমি বুঝিলাম; কিন্তু যে পরিবর্ত্তের প্রস্তাব তোমার স্থানে আমি শুনিলাম, সে কি প্রকার, তাহা আমাকে বুঝাইয়া দেও,

সাধু. তাহা শুন, সে কেবল অন্তঃকরণ পরিবর্ত্তকে বুঝায়, অর্থাৎ জ্ঞানরূপ যে দীপ্তি, তাহা মনুষ্যের অন্তঃকরণে প্রজ্বলিত হয়, ও তাহার অন্তঃকরণে ঈশ্বরের বিরুদ্ধে যে বিপক্ষতা থাকে, তাহা দূর হয়, এবং তাহার প্রেম কেবল পারমার্থিক বিষয়ে হয়, ও তাহার মন অচৈতন্যরহিৎ হইয়া চৈতন্য প্রাপ্ত হয়, এবং সর্ব্বদা ঈশ্বরীয় বস্তু তাহার স্মৃতিতে থাকে. কিন্তু এই যে পরিবর্ত্ত ইহা ঈশ্বরের বাক্য এবং ধর্ম্মাত্মার দ্বারা হয়.

রামহরি. হাঁ ভাই, তোমার যদি এ কথা সত্য হয়, তবে বুঝি, যে ব্যক্তি এমন পরিবর্ত্ত প্রাপ্ত হয়, তাহার পুর্ব্বাপেক্ষা বর্ত্তমানাবস্থা অনেক বিশেষ হইতে পারে.

সাধু. এ কথাতো তুমি ভাল বিবেচকের মত কহিলা, ঐ দুই ব্যবস্থার মধ্যে অনেক বিশেষ বটে. যদি তুমি কিঞ্চিৎকাল বসিয়া মনোযোগ কর, তবে তদ্বিষয়ে কিছু কথোপকথন কহি.

রামহরি. ভাল ভাই আমি বসিলাম, তুমি কি বলিতে চাহ, তাহা বল.

সাধু. তবে শুন, যে ব্যক্তি এমত পরিবর্ত্ত প্রাপ্ত হইয়া সত্য খ্রীষ্টিয়ান হয়, তৎকালীন ঈশ্বর ও ত্রাণ-কর্ত্তা ও ধর্ম্মাত্মার বিষয়ে, ও আপন বিষয়ে, ও পাপের বিষয়ে, এবং ইহকাল ও পরকালের বিষয়ে যে চিন্ত, তাহা পূর্ব্বাপেক্ষা তাহার বহু ভেদ হয়.

রামহরি. ভাল অন্তঃকরণ পরিবর্ত্ত হইবার পূর্ব্বে ঈশ্বরের বিষয়ে তাহার কিরূপ চিন্তা হয় মহাশয়?

সাধু. তখন তাহার স্বভাবতঃ এই রূপ চিন্তা হয়, যে আমি যেমন কোনো গুপ্ত বিষয় জ্ঞাত নহি, তেমনি গুপ্তে পাপ করিলে ঈশ্বর ও জানিতে পারেন না, এবং আমার পাপাচরণে তিনি কখনো অসন্তুষ্ট নহেন, বরং তিনি আপনি পাপকে প্রেম করেন.

রামহরি আমি বুঝি, ভাই, যে এমত চিন্তা অনেকে করে না.

সাধু. না ভাই, এবিষয়ের তুমি কিছু জ্ঞাত নহ, সকল মনুষ্যই স্বভাবতঃ এই প্রকার চিন্তা করে, কারণ যদি না করিত, তবে মনুষ্যের গোচরে যে কুকর্ম্ম তাহারা লজ্জা প্রযুক্ত করে না, তাহা গোপনে ঈশ্বরের সাক্ষাতে ও কদাচ করিত না; অপর তাহারা প্রত্যহ যে পাপাচরণ দ্বারা ঈশ্বরের আজ্ঞা লঙ্ঘন করে, এবং পাপ নিমিত্তক ঈশ্বর তাহারদিগকে যে শাস্তি ভোগ করাইবেন; ইহাতে যে নিশ্চিন্ত হইয়া থাকে, অতএব বোধ হয় যে ঐ প্রকার চিন্তাই করে.

রামহরি. ইহাও বাস্তব বটে. কিন্তু খ্রীষ্টিয়ান হইলে পর, ঈশ্বর বিষয়ক তাহার কি প্রকার চিন্তা জন্মে, তাহা বলতো ভাই.

সাধু. হাঁ শুন, সত্য খ্রীষ্টিয়ান এই জানে, যে ঈশ্বর পরমাত্মা, তাঁহার মূর্ত্তি নির্ম্মাণ করিয়া উপাসনা করাতে শাস্ত্র প্রমাণে ঈশ্বরের অপযশ করা হয়, এপ্রযুক্ত সে চিন্তা করে, যে মনুষ্যের উচিত এই যে আপন আত্মা দিয়া সত্যরূপে ঈশ্বরের আরাধনা করে. তাঁহার সেবা করাতে কেবল শারীরিক যে পরিশ্রম, সে কোনো ফল-দায়ক হয় না. এবং সে আপন অন্তঃকরণে ধ্যান করিয়া দেখিতে পায়, যে ঈশ্বর ধর্ম্মময়, এবং তাঁহার প্রেম, ও বিচার, ও সত্যতা, এবং দয়া, অতি অদ্ভুত ও অসীম.

রামহরি. ভাল, ইহাতো তুমি বলিলা, কিন্তু তিনি কি মতে ধর্ম্মময় হইতে পারেন?

সাধু. এই জন্যে তাঁহাকে ধর্ম্মময় বলা যায়, যে তাঁহাতে অধর্ম্মের লেশ নাই, ও পাপের প্রতি বড় দ্বেষ, এবং ধর্ম্মাচরণ ব্যতিরিক্ত তাঁহার কোনো কর্ম্ম দেখিতে পাওয়া যায় না.

রামহরি. তাঁহার প্রেম কি মতে অদ্ভুত হইতে পারে?

সাধু. যে হেতুক তিনি নিজ স্নেহ মনুষ্যেরদের প্রতি প্রকাশ করিয়া তাহারদের পাপের প্রায়শ্চিত্তের কারণ আপন অদ্বিতীয় জাত পুত্রকে পৃথিবীতে প্রেরণ করিয়া তাহারদের পাপের দণ্ড তাঁহাকে ভোগ করাই-লেন; ইহাতে ঈশ্বরের প্রেম অদ্ভুত হইতে পারে, কারণ এতাদৃশ প্রেম প্রকাশ করিতে আর কাহারো সাধ্য নাই.

রামহরি. ভাই হে! এ সমস্ত তাঁহার করিবার আবশ্যক কি?

সাধু. তাঁহার এ সকল করণের আবশ্যক এই যে আপন পুত্রকে মনুষ্যের পাপের নিমিত্তে শাস্তি দেওনেতে তাঁহার সুবিচার বিখ্যাত হয়, এবং তিনি যে মনুষ্যের পাপ ত্রাণকর্ত্তা করণক ক্ষমা করেন, ইহাতে তাঁহার ন্যায় প্রকাশিত হয়, এবং যে মুক্তি ঈশ্বর মনুষ্যেরদিগকে ত্রাণকর্ত্তা করণক প্রদান করিতে ইচ্ছা করেন, তাহাতে যে কেহ তাচ্ছল্য করে, তাহাকে যেকালীন তাহার কৃত পাপের জন্য শাস্তি দেন, তখন তিনি মনুষ্যেরদের গোচরে যাথার্থিকরূপে প্রকাশিত হন. তাঁহার আর২ গুণ এইরূপ অদ্ভুত জানিবা. অতঃপরে দেখ, ঐ খ্রীষ্টিয়ান যেকালীন তত্ত্বজ্ঞানরহিত হইয়া ঈশ্বর বিষয়ক যে বিবেচনা, এবং ঐ জ্ঞান প্রাপ্ত হওনাবধি যে বিবেচনা, এই দুই বিবেচনাতে কত বিশেষ.

রামহরি. হাঁ ভাই, এ দুয়েতে অনেক বিশেষ আছে বটে বুঝিলাম. কিন্তু য়িশু খ্রীষ্টের বিষয় তুমি কি রূপ চিন্তা কর, তাহা শুনিতে আমার বড় ইচ্ছা হয়; বলদেখি শুনি.

সাধু. আমার ত্রিশ বৎসর বয়ঃক্রম পর্য্যন্ত কখনো য়িশু খ্রীষ্টের কোনো প্রসঙ্গ কর্ণ গোচর হইয়াছিল নাই, পরে এক দিবস দেখিলাম, যে কএক জন মনুষ্য এক স্থানে দণ্ডায়মান হইয়া, কতক লোকের প্রতি ঘোষণা করিতেছে, যে খ্রীষ্টের মৃত্যুর দ্বারা মনুষ্যেরদের পাপের বিমোচন হইয়া তাহারদের পরিত্রাণ হয়; ইহা শুনিয়া তৎকালে আমার এমত বোধ হইল, যে এ সর্ব্বৈব মিথ্যা.

রামহরি. ভাল ভাই, তবে তোমার এখনও সেই রূপ ভাবনা আছে কি না?

সাধু. না ভাই, তাহা অনেক দিন দূর হইয়াছে, এবং খ্রীষ্টের মতে এক্ষণে এতাদৃশ দৃঢ়তা হইয়াছে, যে যদ্যপি আমি পৃথিবী এবং পৃথিবীস্থ সমস্ত বিষয় প্রাপ্ত হই, তথাচ কখনো পূর্ব্ব মতাচরণে প্রবর্ত্ত হই না, কারণ ঈশ্বর আমার অন্তঃকরণকে পরিবর্ত্ত করিয়া-ছেন. এবং আমার মনোমধ্যে যে তিমির ছিল, তাহা তিনি দূর করিয়া জ্ঞানরূপ দীপ্তি প্রদান করিয়াছেন; তদ্দ্বারা ঈশ্বরের ধর্ম্মশীলতা এবং আমার কৃত পাপ দৃষ্টি করিয়া আমি নিশ্চয় জানিয়াছি, এবং এখন ও জ্ঞান পাইতেছি, যে খ্রীষ্টের দ্বারা হইয়াছে, যে পা-পের প্রায়শ্চিত্ত; তাহাতে বিশ্বাসের অত্যাবশ্যক আছে. কেননা তদ্ব্যতিরেকে পরিত্রাণের কোনো উপায় আর দেখি নাই. এবং তিনিই উপযুক্ত ত্রাণকর্ত্তা জানি, কারণ তিনি আমারদের জন্য ঈশ্বরের আজ্ঞা সম্পূর্ণরূপে পালন করিয়াছেন, ও আমারদের পাপ মোচনার্থে মৃত্যু গ্রহণ করিয়াছেন. এবং পৃথিবীর সমস্ত অর্থের দ্বারা উৎপন্ন না হইতে পারে, এমত যে সন্তোষ, তাহা তিনি আমার অন্তঃকরণে প্রদান করিয়াছেন.

রামহরি. ত্রাণকর্ত্তা কিরূপে এতাদৃশ সান্ত্বনা করেন?

সাধু. তাহা বলি শুন, তিনি শান্তিদায়ক ধর্ম্মাত্মাকে প্রেরণ করিয়া তদ্দ্বারা আমার অন্তঃকরণ সান্ত্বনা করেন. কেননা ঐ ধর্ম্মাত্মার দ্বারা এই প্রামাণ্য হয়, যে আমার পাপ মার্জনা হইয়া স্বর্গাধিকারী হইব. ভাই হে! যিশু খ্রীষ্ট যে এমত যথার্থ ত্রাণকর্ত্তা; ইহা

যদি জানিতা, তবে অবশ্য তাঁহাকে প্রেম করিতা, এবং পাউল প্রেরিতের দ্বারা যে কথা উক্ত হইয়াছে, তাহাও বলিতা, "যে২ আমার লাভ ছিল, তাহা খ্রীষ্টের কারণ আমি ক্ষতি করিয়া মানি. এবং যাঁহার কারণ আমি সকলের ক্ষতি পাইয়াছি, আমার সেই প্রভু য়িশু খ্রীষ্ট বিষয়ক জ্ঞানের উত্তমতার কারণেতে আমি অবশ্য সকলকে অপচয়মাত্র জ্ঞান করি, এবং সে সকলি বিষ্ঠামাত্র জ্ঞান করি, যে আমি খ্রীষ্ট পাই, ও আমার আপনার শাস্ত্র জাত পুন্যধারী না হইয়া, যে পুন্য খ্রীষ্টে বিশ্বাসদ্বারা হয়, অর্থাৎ প্রত্যয় করণক ঈশ্বরহইতে জাত যে পুন্য, তাহা পাই."

রামহরি. আমি বুঝি, যে আপনার পুন্যানুষ্ঠানেই ত্রাণ পাইতে পারি, এ কারণ য়িশু খ্রীষ্ট ত্রাণকর্ত্তাতে কোনো প্রয়োজন দেখি না.

সাধু. আহা ভাই! তোমার এ বাক্য শুনিয়া আমার যথেষ্ট খেদ হইল, হায়২ তুমি এমন অতিশয় আপদগ্রস্ত হইয়াছ, এবং বোধ হয়, যে ঈশ্বর কর্তৃক অপরিবর্ত্তান্তঃকরণ ব্যক্তির ন্যায় তোমার বিবেচনা. কেননা যেমন অন্ধ লোক তিমির ও দীপ্তির ভেদাভেদ না জানিয়া তিমিরকে আলো জ্ঞান করে. তদ্রূপ জ্ঞানরূপ চক্ষুহীন লোক ধর্ম্মাধর্ম্মেতে কি ভেদাভেদ ইহা জ্ঞাত না হইয়া পাপকে পুণ্য বোধ করিয়া পাপাচরণে মগ্ন হইয়া আপনাকে পুণ্যবানরূপে বিখ্যাত করে. তেমন তোমাকে দেখিতেছি.

রামহরি. হাঁ ইহা হইতে পারে, কিন্তু যদি আমার অন্তঃকরণ ঈশ্বর কর্তৃক পরিবর্ত্ত হয়, তবে

আমার আপন বিষয়ে কি, অন্যরূপ চিন্তা হইবেক?

সাধু. হাঁ, তাহা অবশ্য হইবেক, কারণ তোমার পারমার্থিক জ্ঞান হইলে, এই বোধ হইবে, যে পাপাচরণ ব্যতিরিক্ত অন্য কর্ম্মে আমার কখনো প্রবৃত্তি হয় নাই. অতএব আমার তুল্য পাপিষ্ঠ ও দুরাচার ও নারকী আর নাই. কিন্তু এইরূপ বোধ হইলে, পুণ্য বিষয়ক তোমার দর্প আর থাকিবেক না. অপর যখন তোমাহইতে কোনো সৎকর্ম্ম উদ্ভব হয়, তখন এমত বোধ হইবেক, যে ঈশ্বর আমাকে ইহাতে প্রবৃত্তি লওয়াইয়াছেন; এবং তুমি কোনো কুকর্ম্ম করণেতে জানিবা, যে ইহা আমাহইতে হইল, তাহাতে তোমার নম্রতা প্রকাশ হইবে; কারণ, যিশু খ্রীষ্টহইতে নম্রতা শিক্ষিত হইবা, এবং ঈশ্বরহইতে যে অনুগ্রহ কণিকা পাইবার উপযুক্ত নহ, এমত জ্ঞানও তোমার হইবেক.

রামহরি. হাঁ ভাই; ইহা হইলে, যেমন আমার আপন বিষয়ে পূর্ব্বচিন্তাপেক্ষা পরচিন্তা অনেক বিশেষ বোধ হইবেক, তদ্রূপ পাপ বিষয়ক ও আমার পূর্ব্ব ও পর চিন্তার অনেক ভিন্ন হইবেক.

সাধু. ইহা সত্য বটে, কারণ, তুমি দেখ মনুষ্য স্বভাবতঃ শয়তান কর্তৃক প্রবঞ্চিত হইয়া পাপকে তুচ্ছ জ্ঞান করিয়া অধর্ম্মাচরণে কিছু শঙ্কা করে না. যদি কোনো ব্যক্তির তদ্বিষয়ে কিছু শঙ্কা হয়, তাহাও তাহার পাপের শাস্তি বিস্মৃত হওনের দ্বারা অন্তঃকরণহইতে দূর হয়. এবং তখন অনায়াসে পাপাচরণেতে তাহার আহ্লাদ জন্মে, কিন্তু ঈশ্বর কর্ত্তৃক অন্তঃকরণ

পরিবর্ত্ত হইলে জ্ঞানরূপ চক্ষুর দ্বারা দেখিতে পায়, যে পাপ অতিশয় মন্দ, এবং পাপ যে সে ঈশ্বরের যথার্থ আজ্ঞা লঙ্ঘন. অপর ঐ পাপ মনুষ্যের অশুচি ও প্রমাদ ও নাশ জনক হয়, এবং সে জানিতে পারে এমন কদর্য্য বস্তু যে পাপ, ইহাকে ঈশ্বর নিতান্ত ঘৃণা করেন. এই দৃষ্টিতে, সে দুঃখ সহিষ্ণুতা করিবেক তথাচ অধর্ম্মাচরণে সুখেচ্ছা কখনো করিবে না. অনন্তর ঐ ব্যক্তি যখন শয়তান, কিম্বা দুষ্ট লোক কর্ত্তৃক কুমন্ত্রণা প্রাপ্ত হইয়া পাপ করিতে লোভিত হয়, তখন সে এই বলিবেক, যে ঈশ্বরের বিরুদ্ধ পাপ করিলে এত বড় অধর্ম্ম হয়, ইহা আমি কিরূপে করিতে পারি, এবং সে প্রত্যহ ঈশ্বরের নিকটে এই প্রার্থনা করে, যে হে ঈশ্বর! আমাকে পাপহইতে রক্ষা কর.

রামহরি. তবে কি ঐ ব্যক্তি আর কখনো পাপ করে না?

সাধু. না ভাই, এ কথা নিতান্ত বলিতে পারা যায় না, কারণ তুমি জান, মনুষ্য স্বভাবতঃ পাপিষ্ঠ তন্নিমিত্ত তাহার উপর লোভ প্রবল হইলেই সুতরাং পাপেতে পতিত হয়; কিন্তু ইহা জ্ঞাত হইয়া সে আপন পাপজন্য অন্তঃকরণে যথেষ্ট বেদনা পায়, এবং তৎপ্রযুক্ত খিদ্যমান হইয়া ঈশ্বরের সম্মুখে এই প্রার্থনা করে, যে হে দয়াময় ত্রাণকর্ত্তা! তুমি আমার পাপ ক্ষমা কর, এবং আমার অন্তঃকরণে যে পাপেচ্ছা আছে, তাহাকেও দূর করিয়া আমার অন্তঃকরণ পরিবর্ত্ত কর; অনন্তর ঈশ্বর তাহার নিবেদন গ্রাহ্য করিলে, তদবধি সে ধর্ম্মাচরণে কাল যাপন করে.

রামহরি. ঐ খ্রীষ্টমতাবলম্বী ব্যক্তি কি প্রকার ধর্ম্মাচরণে কাল ক্ষেপণ করে? তাহা বলতো শুনি.

সাধু. শুন ২ ভাই, বলি শুন, সে প্রত্যহ প্রাতে, গাত্রোত্থান করিয়া কোনো নির্জন স্থানে ধর্ম্মশাস্ত্র পাঠ করিয়া ঈশ্বরের নিকটে প্রার্থনা করে. অনন্তর উচিৎ সময়ে তাহার সমস্ত পরিবার এবং আত্মীয় লোকেরদিগকে একত্র করিয়া তাহারদের সহিৎ ঈশ্বরের শাস্ত্র পাঠ করিয়া তাঁহার আরাধনা করে. ও তিনি যে তাহারদিগকে সমস্ত গতরাত্রিতে নিরাপদে রক্ষা করিয়াছেন, তন্নিমিত্ত বিবিধ প্রকার স্তব করিয়া তাঁহাকে ধন্যবাদ দেয়; পরে তন্নিকটে এই প্রার্থনা করে,—যে হে ঈশ্বর! আমারদের অদ্যকার কর্ম্ম যেন সফল হয়, এই প্রকার আশীর্ব্বাদ দেও.

রামহরি. আমি বুঝি, যে সে ব্যক্তি ধনলোভী; তৎপ্রযুক্ত এমত প্রার্থনা করে.

সাধু. সত্য খ্রীষ্টিয়ান ধনলুব্ধ হইতে পারে না, কারণ ধর্ম্ম শাস্ত্রে লিখিত আছে, ধনের লোভ যে করে, সে এক প্রকার দেবপূজক; অপর সত্য খ্রীষ্টিয়ান যে হয়, সে কখনো ঐহিকের সুখ ও মর্য্যাদা এবং অর্থের প্রয়াস পায় না, বরং কেবল তাহার আপন ও নিজ পরিজনের প্রতিপালনার্থে নিষ্ঠা পূর্ব্বক কোনো শ্রমবিশিষ্ট কর্ম্ম করিতে তাহার প্রবৃত্তি হয়, যাহাতে তাহারদের প্রতিপালন শুচিতারূপে ও পরিমিত ব্যয় পূর্ব্বক হইতে পারে, কিন্তু যদি ঈশ্বরকর্তৃক অধিক ধন প্রাপ্ত হয়, তবে সে আপনি অতি হৃষ্টচিত্ত হইয়া, যে সমস্ত লোক ত্রাণের পথ জ্ঞাত নহে, তাহারদের নিকটে ধর্ম্মশাস্ত্র

ও ত্রাণকর্ত্তার মঙ্গল সমাচার পাঠাইবার কারণ, তাহা ব্যয় করে. অনন্তর দিবাভাগে যখন সে কিছু অবকাশ প্রাপ্ত হয়, তখন তাহার সাধ্যানুসারে অন্য২ লোকেরদিগকে ত্রাণের পথ বিষয়ক শিক্ষা দেয়, ইহার দ্বারা ঈশ্বরের মহিমা প্রকাশিত হয়. ঐ প্রকারে সে দিবাকাল ক্ষেপণ করে. পরে সন্ধ্যা উপস্থিত হইলে প্রাতের মত প্রার্থনাদি করে.

রামহরি. আমি বুঝি, যে এ সমস্ত কর্ম্ম করাতে সে উত্তমরূপে কাল যাপন করে.

সাধু. হাঁ, তাহা বটে, কারণ সে জানে, যে চিরকাল সুখ কিম্বা দুঃখ ভোগ করিতে হইবেক. অপর পূর্ব্বে পরিত্রাণের বিষয়ক তাহার বড় একটা চিন্তা ছিল না, কিন্তু এক্ষণে যে সর্ব্বনাশক অগ্নি, অর্থাৎ নরকানল আমি কি প্রকারে সহিতে পারি? এই ভাবিয়া ত্রাণের বিষয়ে তাহার অতিশয় চেষ্টা হইয়া সমস্ত অন্তঃকরণের সহিৎ য়িশু খ্রীষ্টের আশ্রয় লইয়া মুক্তি পাইবার নিমিত্তে তাঁহার প্রায়শ্চিত্তের উপরে বিশ্বাস করে. ইহাতে ধর্ম্মাত্মা কর্ত্তৃক অন্তঃকরণ পবিত্রীকৃত হইয়া পাপের প্রতি তাহার ঘৃণা হয়, এবং ধর্ম্মের প্রতি প্রেম জন্মে, তদ্দ্বারা তাহার হৃদ্বোধ হয়; যে সে স্বর্গে গমন করিতেছে, এবং অনন্ত সুখের ভরসাতে অকথ্য আহ্লাদে আমোদিত হইতেছে.

রামহরি. তোমার বাক্যের দ্বারা আমার বোধ হইল, যে আর২ লোকহইতে খ্রীষ্টিয়ানের আচরণ অনেক বিশেষ আছে; তন্নিমিত্ত এক্ষণে তাহারদের মৃত্যুর ববরণ কিছু শুনিতে ইচ্ছা করি.

সাধু. তবে শুন, সত্য খ্রীষ্টিয়ানের দৃঢ় বোধ থাকে, যে মরণান্তে স্বর্গপ্রাপ্ত হইবেক, এবং সে স্থানে যে পাপ, তাপ, ক্লেশ, ও মৃত্যুর অধিকার নাই, ইহাও তাহারা জানে; তৎপ্রযুক্ত মৃত্যুকাল উপস্থিত হইলে, তাহারদের অন্তঃকরণে কিছুই ব্যামোহ বোধ না হইয়া অতি বড় আহ্লাদপূর্ব্বক এই শাস্ত্রীয় কথা কহে, " হে মৃত্যু! তোমার হুল কোথায়? হে কবর! তোমার জয় কোথায়? মৃত্যুর হুল পাপ, ও পাপের বল শাস্ত্র, কিন্তু আমারদের প্রভু য়িশু খ্রীষ্টের দ্বারা আমারদিগকে জয়ী করেন, যে ঈশ্বর তাঁহার প্রতি ধন্যবাদ হউক." " আমি যখন মৃত্যুর ছায়ারূপ প্রান্তরে গমন করি, তখন ও আপদকে ভয় করিব না; কেননা তুমি আমার সহিত, তোমার পাঁচনি এবং তোমার লাঠী আমাকে সান্ত্বনা করে, তুমি আমার সম্মুখে আমার শত্রুরদের দৃষ্টিতে মেজ সাজাইয়াছ, তুমি আমার মস্তকে তৈল মাখাইয়াছ, আমার পাত্র পরিপূর্ণ আছে, আমার সকল পরমায়ুঃ ভদ্রতা ও দয়া অবশ্য আমার পশ্চাৎ২ থাকিবে, আমি ঈশ্বরের ঘরে সদাকাল বাস করি." " কেননা আমরা জানি, যে আমারদের পার্থিব বাসাঘর যদি আলিয়া যায়, তবে ঈশ্বরেতে নির্ম্মিত অহস্তকৃত স্বর্গস্থ অনন্ত আমারদের এক বাড়ী আছে, এবং দেখ আমি উত্তম যুদ্ধ করিয়াছি, আমি কোঠের দৌড় পূর্ণ করিয়াছি, আমি ভক্তি পালন করিয়াছি, যাথার্থিক বিচারকর্ত্তা প্রভু সে দিনে যাহা আমাকে দিবেন ও আমাকেই কেবল নয়; কিন্তু যত লোক তাঁহার প্রকাশ ভাল বাসে, সে সকলকে ও দিবেন এমন যথার্থতারূপ মুকুট আমার কারণ রক্ষিত আছে.

রামহরি. ভাই এ বড় আশ্চর্য্য, আমিও এই রূপ মৃত্যু প্রার্থনা করি.

সাধু. তুমি কেন, এমন মৃত্যু অনেকেই চাহে; কিন্তু ইহা সহযে হইতে পারে না; কারণ যে ধর্ম্মাচরণ করে, তাহারই এই রূপে মৃত্যু হইতে পারে. অতএব ভাই, কি স্বাস্থ্য, কি পীড়া, কি মৃত্যু, ও পরকালেতে যদি তুমি পারমার্থিক আহ্লাদ প্রাপ্ত হইতে চাহ, তবে য়িশু খ্রীষ্টের প্রায়শ্চিত্তের উপর বিশ্বাস কর.

রামহরি. ও ভাই! ইহা আমি কি প্রকার করিতে পারি, কারণ তুমি জান, ইহা করিলে, আমার পরিজন ও বন্ধু লোক সকল তাড়না করিয়া আমাকে বাটী-হইতে দূর করিয়া দিবেক.

সাধু. হাঁ ভাই, সে বাস্তব বটে, কারণ য়িশু খ্রীষ্ট দ্বারা কথিত আছে, যে লোক তন্মতাবলম্বন করিয়া খ্রীষ্টিয়ান হইবেক, তাহাকে অন্তরঙ্গ লোক তাড়না করিবেক. অতএব দেখ ভাই, যেং লোক এই মতাবলম্বন করে, অন্তরঙ্গ লোকদ্বারা তাহার অনেক অর্থের ক্ষতি হয়, এবং সে আপন শরীরের উপর অনেক দুঃখ ভোগ করে, কিন্তু এই রূপে দুঃখ ও ক্লেশ সহিষ্ণুতা করিলে পর, সে ব্যক্তি ধর্ম্ম গ্রন্থের এই বাক্য প্রকাশ করিয়া বলে, ডুম্বর বৃক্ষ যদি ফুল না ধরে, ও দ্রাক্ষালতাতে যদি ফল না হয়, যদি জিত বৃক্ষ বিবয়ক শ্রম বৃথা হয়, ও ক্ষেত্রে যদি কিছু শস্য উৎপন্ন না হয়, যদি খোঁয়াড় হইতে মেষপাল উচ্ছিন্ন হয়, ও যদি গরুরপাল গোষ্ঠেতে না থাকে, তথাপি আমি ঈশ্বরেতে আনন্দ করিব, আর আপন ত্রানের ঈশ্বরে উল্লাস করিব. অপর

সে ঈশ্বরের আনুকুল্যতা প্রাপ্ত হইলে পর, স্বর্গে যে তাহার আর ও উত্তম অক্ষয় বস্তু আছে, ইহা নিশ্চয় জানিয়া আনন্দপূর্ব্বক আপন ধন বিনাশ করিতে শক্তিমান হয়. কারণ সে বিলক্ষণরূপে জানে, যে স্বর্গে সংরক্ষিত, ও অহরণীয়. ও নির্ম্মল, ও অম্লান অধিকার পাওনের নিমিত্তে পুনর্জাত হইয়াছে." অর্থাৎ ধর্ম্মাত্মাকর্ত্তৃক তাহার অন্তঃকরণ পরিবর্ত্ত. অতএব, ভাইহে এই সকল কথা বিবেচনা করিয়া দেখিলে, তুমি ও জানিতে পারিবা, যে প্রকৃত খ্রীষ্টিয়ানের মতই উত্তম, যে হেতুক পাপাচরণ তাহারা নিতান্তরূপে পরিত্যাগ করিয়া পারমার্থিক আহ্লাদে কাল যাপন করে, তন্নিমিত্তে আমি তোমাকে মিনতি করি, যে তুমি মনে কর, ঈশ্বরকর্ত্তৃক তোমার অন্তঃকরণ পরিবর্ত্ত না হইলে. কখনো পাপহইতে মুক্ত হইয়া স্বর্গে গমন করিতে পারিবা না. এই রূপ ধর্ম্মশাস্ত্রে লিখিত আছে, অতএব বন্ধুহে ঈশ্বরের স্থানে দৃঢ় প্রার্থনা কর এবং আমিও ঈশ্বরের নিকটে প্রার্থনা করি, যে এ সমস্ত বিষয়ে তিনি তোমাকে জ্ঞান দিউন, এক্ষণে বেলা হইল, তুমি অদ্য প্রস্থান কর.

## গীত.

হে য়িশু তোমার ধর্ম্ম কায়
মোর অতি সুন্দর পরিচ্ছদ
এই পাইলে সৃষ্ট যদি নাশ
মোর ভর্সা কেমন অতিবাদ.

মোর পুনরুত্থান যখন হয়
ও স্বর্গের বৈভব তখন দেন
মোর উত্তর তখন কেবল এই
যিশু মোর জন্য মরিলেন.

এই মত ধার্ম্মিক আবরহাম
ও রক্ত ক্রীত যত হয়
পাপিষ্ঠের ত্রাতার করে নাম
যার মধ্যে আমি অতিশয়.

নির্লজ্জিত হইয়া দাণ্ডাইব
বিচারের মহা দিনেতে
খ্রীষ্ট রক্তে মুক্ত হইলে পর
কে আমায় দোষী বলিবে.

হে ঈশ্বর সর্ব্বপাপির ঠাঁই
শুনাও এ জীবন দায়ক রব
এক মুখে যেন সবে কয়
যিশুতে মোদের মুক্তি লাভ